

যাত্রীর গাঁজা কাণ্ডে ইউনাইটেড ফ্লাইট বিলম্বিত

- A Monitor Desk Report

Date: 11 August, 2025



ঢাকাঃ সান ফ্রান্সিসকো থেকে কানকুনগামী ইউনাইটেড এয়ারলাইনসের একটি ফ্লাইটে যাত্রী বাথরুমে গাঁজা সেবন করায় ৪ ঘণ্টা বিলম্ব হয়।

শনিবার (১০ আগস্ট) সকাল ৮:৫০-এ ছেড়ে যাওয়ার কথা থাকলেও ফ্লাইট ছাড়ে দুপুর ১২:৩০-এ।

প্রথমে যান্ত্রিক সমস্যার কারণে ফ্লাইট দেরি হয়। এরপর গাঁজা খাওয়া যাত্রীকে নামিয়ে দেওয়া হয়। তবে পাইলট ধোঁয়ার প্রভাবে ড্রাগ টেস্ট পজিটিভ হওয়ার আশঙ্কায় উড়তে অস্বীকৃতি জানান, কারণ এতে তার চাকরি ঝুঁকিতে পড়তে পারত। ফলে পুরো ক্রু বদলাতে হয়।

একজন যাত্রী রেডিটে লিখেছেন, “গাঁজা সেবনের ঘটনার পর সবাইকে নামিয়ে নতুন ক্রুর জন্য অপেক্ষা করানো হয়।” বিলম্বের ক্ষতিপূরণ হিসেবে যাত্রীদের ১৫ ডলারের খাবারের ভাউচার ও গেটে স্ন্যাক কার্ড দেওয়া হয়।

বিশেষজ্ঞরা জানিয়েছেন, খোলা বা বায়ু চলাচলপূর্ণ স্থানে উড়োজাহাজের ধোঁয়া থেকে ড্রাগ টেস্ট পজিটিভ হওয়ার সম্ভাবনা খুবই কম।

-B